

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৮.২৮.০০১.১৮.২৩৪

তারিখ: ৩০ কার্তিক ১৪২৭
১৫ নভেম্বর ২০২০

বিষয়: নর্থ সাউথ ইউনিভার্সিটি কর্তৃক বৈদেশিক অনুদানের অর্থ গ্রহণের বিষয়ে মতামত।
সূত্র: বিমক/বেবি/২৭৬(২)/অংশ-৫/৯২/১৪০৩, তারিখ ২৫.২.২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নর্থ সাউথ ইউনিভার্সিটি'র উল্লিখিত ০১টি প্রকল্পের অধীন বৈদেশিক অর্থ গ্রহণ ও ব্যয়ের বিষয়ে সরেজমিন তদন্ত করে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ডের অনুমতি সাপেক্ষে অর্থ গ্রহণ ও ব্যয় করা হলে কমিশনের কোন আপত্তি নেই মর্মে মতামত করা হয়েছে। সে মোতাবেক অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মতামতের জন্য প্রেরণ করা হলে তারা জানায় যে, বুলস অব বিজনেসের সিডিউল-১ অনুসারে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিবি) ও পঞ্চ বার্ষিকী পরিকল্পনার অন্তর্গত সকল ধরনের উন্নয়ন প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নের বিভিন্ন /Bilateral/Multilateral অর্থনৈতিক সহায়তার Assesment mobilization, negotiation এবং allocation এর দায়িত্বপ্রাপ্ত। কোনো বেসরকারি সংস্থার পক্ষে বৈদেশিক সহায়তা প্রাপ্তির বিষয়ে মতামত প্রদানের এখতিয়ার অর্থনৈতিক সম্পর্ক বিভাগের নেই।

২. এমতাবস্থায়, নর্থ সাউথ ইউনিভার্সিটি'র উল্লিখিত প্রকল্পের অর্থ গ্রহণ ও ব্যয়ের বিষয়ে সরেজমিনে পরিদর্শনপূর্বক সুস্পষ্ট মতামত/সুপারিশ প্রদানের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।


চেয়ারম্যান,
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৮.২৮.০০১.১৮.২৩৪/১(৩)

তারিখ: ৩০ কার্তিক ১৪২৭
১৫ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) রেজিস্ট্রার, নর্থ সাউথ ইউনিভার্সিটি, বসুন্ধরা, ঢাকা।


১৫-১১-২০ ২০
নাসরীন মুক্তি
উপসচিব